



প্রেস ইনসিটিউট বাংলাদেশ

৩ সার্কিট হাউস রোড, ঢাকা – ১০০০ ফোন: ৯৮৩০০৮১-৩, ফ্যাক্স: ৮৮০-২-৮৩১৭৪৮৮, www.pib.gov.bd ই-মেইল: dgpib@yahoo.com

পিআইবি'র ইনোভেশন টিমের ডিসেম্বর ২০১৮ মাসের সভার কার্যবিবরণী

পিআইবি'র ইনোভেশন টিমের ডিসেম্বর ২০১৮ মাসের সভা আজ ০৬ ডিসেম্বর ২০১৮ খ্রি. তারিখ বেলা ১১:০০টায় ইনোভেশন অফিসার ও পরিচালক, প্রশাসন (অতিরিক্ত দায়িত্ব) বেগম আনোয়ারা বেগম-এর সভাপতিত্বে তাঁর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন।

- ১। ড. কামরুল হক, রিসার্চ অফিসার
- ২। মোহাম্মদ আফতাব উদ্দীন ভুঁঞ্চা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব)

আলোচ্যসূচী:

- ক) উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং প্রতিবেদন তৈরি।
- খ) বিবিধ।

সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।

- ক. ইনোভেশন অফিসার জানান, উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী অনলাইন সার্টিফিকেট কোর্স অন জার্নালিজম এর কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া প্রশিক্ষণার্থী নির্বাচনে পুনরাবৃত্তি রোধকল্পে প্রশিক্ষণার্থী সাংবাদিকদের ডাটাবেজ তৈরির নিমিত্তে তথ্য সংগ্রহের কাজ চলছে। এ বিষয়ে প্রশিক্ষণের আরো কিছু বিষয় অন্তর্ভুক্ত করে সফটওয়্যার তৈরির নিমিত্ত মহাপরিচালক মহোদয় নির্দেশনা দিয়েছেন। সে অনুযায়ী কাজ চলছে। নির্দিষ্ট সময়ের মধ্যে উক্ত কাজ গুলো সম্পাদন করা সম্ভব হবে বলে তিনি জানান।
- খ. জনাব ড. কামরুল হক জানান, আগামী ০৯ ডিসেম্বর ২০১৮ তারিখ থেকে পিআইবি'র বিভিন্ন বিভাগের কর্মচারীদের জন্য দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। পর্যায়ক্রমে কর্মকর্তাদের ও প্রশিক্ষণ দেয়া হবে। এছাড়া পিআইবিতে ইনোভেশন সংক্রান্ত ২ (দুই) দিনের প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে।
- গ. জনাব মো. আফতাব উদ্দীন ভুঁঞ্চা জানান, আগামী ১২ ডিসেম্বর মন্ত্রীপরিষদ বিভাগে মাননীয় মন্ত্রীপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় পিআইবিসহ অন্যান্য প্রতিষ্ঠানের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। এ প্রক্ষিতে তথ্য মন্ত্রণালয় থেকে প্রেরিত ছক অনুযায়ী পিআইবি'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তৈরি করা যেতে পারে। পরে বিস্তারিত আলোচনাতে পিআইবি'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তৈরি করা হয় (সংযুক্ত)।
- এছাড়া কর্মপরিকল্পনা অনুযায়ী অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে উদ্ভাবন কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যেতে পারে।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আনোয়ারা বেগম
ইনোভেশন অফিসার

ও
পরিচালক (অধ্যয়ন ও প্রশিক্ষণ)